# রাজবাড়ী পৌরসভা কার্যালয়, রাজবাড়ী।

## ০৪নং ওয়ার্ড কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব আবু মোঃ হাসান, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

স্থান ঃ পৌরসভা কার্যালয়।

সময় ও তারিখ ঃ বেলা- ১১.০০ টা, তাং- ২৭/০৮/২০২৩ খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

আলোচ্য সূচীঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ।

৩। পৌর কর, ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে।

৪। ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে।

৫। কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে।

৬। বিবিধ।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে কমিটির সদস্য সচিব জনাব মহম্মদ নুরুন্নবী, সহকারী কর নির্ধারক, রাজবাড়ী পৌরসভা। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | কার্যবিবরণী অনুমোদিত হল। | সদস্য সচিব |
| ২ | ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ। | আলোচ্য সূচীর উপর আলোচনায় অংশ গ্রহণ করেন কমিটির সদস্য সচিব জনাব মহম্মদ নুরুন্নবী, সহকারী কর নির্ধারক, রাজবাড়ী পৌরসভা। তিনি ৪নং ওয়ার্ড কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। অত্র ওয়ার্ডে, সড়ক উন্নয়ন, বৈদ্যুতিক লাইন স্থাপন ও ড্রেন নির্মাণ ও বর্জ্য অপসারণ সহ অন্যান্য কাজের মধ্যে সড়ক উন্নয়ন ও বৈদ্যুতিক লাইন স্থাপন কাজ শুরু হয়েছে। উপস্থিত ওয়ার্ড কমিটির সদস্যবৃন্দকে উক্ত কাজ গুরুত্বসহকারে পরিবেক্ষণ করা এ বিষয়ে সদস্য বৃন্দের নিজ নিজ এলাকার বাসিন্দাদের যথাযথ ভাবে সচেতন করার অনুরোধ করে বক্তব্য শেষ করেন। | UGIIP-III প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হল। | সদস্য সচিব |
| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |

| ক্র: নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩ | পৌর কর, ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে। | আলোচনা পর্বে অংশ গ্রহণ করেন জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা। তিনি তার ব্যক্তিগত পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে অত্র ওয়ার্ড কমিটির সকল সম্মানিত সদস্যদের সকল কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তিনি পৌরকর ব্যাংকের মাধ্যমে পরিশোধ করার জন্য করদাতাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। এবং সকলকে পৌরসভার সার্বিক উন্নয়ন কাজের প্রতি সহযোগীতা করার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | এই কমিটির মাধ্যমে বকেয়া পৌরকর আদায়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব |
| ৪ | ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠ ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ণ প্রসঙ্গে। | জনাব সেলিনা বেগম, সদস্য, সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। বর্জ্য ব্যবস্থাপনা প্রসঙ্গে তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনায় উন্নয়ন হয়েছে কিন্তু আশানুরুপ সার্ভিস এখনো পাওয়া যায়নি। তিনি এ বিষয়ে আরো মনোযোগ দেওয়ার অনুরোধ করেন। নব নির্মিত ল্যান্ডফিল চালু করা ও তথায় বর্জ্য ব্যবস্থাপনা করায় তিনি পৌর পরিষদকে ধন্যবাদ ও শুভেচ্ছা জ্ঞাপন করে তার বক্তব্য শেষ করেন।<br>জনাব আয়শা খানম বেবী, সদস্য, তিনি আলোচনায় অংশ গ্রহণ করে বলেন যে, অত্র সভায় ওয়ার্ডবাসীর পক্ষ থেকে ওয়ার্ডে নিয়মিত বর্জ্য অপসারণ, মশক নিধন ও ড্রেন পরিষ্কার করায় সভাপতির মাধ্যমে পৌর পরিষদকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, বর্জ্য ব্যবস্থাপনায় যে নতুন কর্মকান্ড শুরু হয়েছে তার প্রশংসা করেন এবং এই ব্যবস্থাপনা আরো গতিশীল করার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।<br>জনাব মোঃ রফিকুজ্জামান, সদস্য বলেন যে, অত্র ওয়ার্ডের পৌর সেবা অব্যাহত রাখায় পৌরপরিষদকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, ল্যান্ডফিল চালু করনের মধ্য দিয়ে রাজবাড়ী পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনায় নবদিগন্তের সূচনা হয়েছে। বর্তমানে যে ভাবে বাসা বাড়ি ও পয়ঃবর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে প্রক্রিয়াজাত করা হচ্ছে তা প্রশংসার দাবি রাখে। আমরা আশা করছি আগামীতে এই ব্যবস্থাপনা উত্তোরোত্তর আরো গতিশীল হবে। পৌর বাসী অধিকতর সেবা পাবে এবং সেই সাথে বর্জ্য হতে অর্থনৈতিক উন্নতি হবে এই প্রত্যাশা ব্যক্ত করে ও সকলকে উক্ত কাজে কাউন্সিলর ও পৌর পরিষদকে সহযোগীতা করার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | এই কমিটির সুপারিশগুলি পৌর পরিষদে আলোচনার মাধ্যমে সমাধানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সদস্য সচিব |
| ৫ | কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে। | জনাব মোঃ মঈন উদ্দিন, সদস্য বলেন যে, বর্জ্য অপসারনে বর্তমানে প্রচন্ড অনিয়ম হচ্ছে এ বিষয়ে অধিক গুরুত্ব দেয়ার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | সুপারিশগুলি পৌর পরিষদের মাধ্যমে সমাধান করা হবে। | সদস্য সচিব |
| ৬ | বিবিধ। | জনাব বাশার চৌধুরী, সদস্য, তিনি তার আলোচনায় অংশ গ্রহন করে বলেন, পৌর সেবা নিয়মিত রাখার জন্য তৎপরতা বাড়ানোর লক্ষ্যে মনিটরিং ব্যবস্থা সক্রিয় করা জরুরী বলে তিনি জানান। সেইসাথে অত্র ওয়ার্ড সহ রাজবাড়ী শহরের বিভিন্ন সড়ক মেরামত করা জরুরী হয়ে পড়েছে। এ বিষয়ে সভাপতির মাধ্যমে পৌর পরিষদকে অবগত অন্তে কার্যকরী ব্যবস্থা গ্রহনের অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | সুপারিশগুলি পৌর পরিষদের মাধ্যমে সমাধান করা হবে। | সদস্য সচিব |

সহ- সভাপতি জনাব মমতাজ বেগম , তিনি তার বক্তব্যে উপস্থিত অত্র ওয়ার্ড কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন এলাকার উন্নয়ন মূলক কাজে তার ওয়ার্ডে ড্রেন, রাস্তা পরিষ্কার-পরিচ্ছন্ন, সড়কবাতি যে সকল সমস্যাগুলো রয়েছে তা অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা করা হবে। এলাকার নাগরিক সুবিধা সহ যে কোন সমস্যা দেখা দিলে সাথে সাথে কাউন্সিলরবৃন্দকে অবগত করার অনুরোধ করেন এবং চলমান ইউজিপ-৩ প্রকল্পের কাজ সফল ভাবে সমাপ্ত হওয়ায় প্রকল্পের কর্তৃপক্ষকে অত্র কমিটির পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং আগামীতে অত্র প্রকল্প রাজবাড়ী পৌরসভায় আরো অর্থায়ন সাপেক্ষে উন্নয়ন কাজ অব্যাহত রাখার আশা ব্যক্ত করে তার বক্তব্য শেষ করেন।

সভাপতি জনাব আবু মোঃ হাসান উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার জন্য সদস্যদের অনুরোধ করেন। তার ওয়ার্ডে রাস্তা, ড্রেন, পরিষ্কার-পরিচ্ছন্নতার এবং সড়ক বাতি ও এডিস মশা নিধনের জন্য যথেষ্ট কাজ করে যাচ্ছে। প্রকল্প ও জনস্বার্থে যেখানে সেখানে ময়লা-আর্বজনা ফেলা যাবেনা। তিনি সকলের অবগতির জন্য আরো জানান পৌর ব্যবস্থাপনায় পয়ঃবর্জ্য নিষ্কাশনের ব্যবস্থা চালু হয়েছে এ বিষয়ে পৌরসভার স্বাস্থ্য বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। স্বাস্থ্যবিধি যথাযথ ভাবে মেনে চলা এবং নিজ নিজ বাড়ির আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার অনুরোধ করেন। মাহে রমজানের পবিত্রতা রক্ষার্থে সকলকে ভূমিকা রাখার ও সেই সাথে পৌরসভার ০৪নং ওয়ার্ড কমিটি নামক ফেইজবুক পেইজে যাবতীয় তথ্য প্রদানের অনুরোধ করেন। সদস্যর নাম পরিবর্তন প্রসঙ্গে আগামী সভায় উক্ত বিষয়ে আরোচনান্তে সিদ্ধান্ত গ্রহণের প্রত্যাশা ব্যক্ত করে তার বক্তব্য শেষ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(আবু মোঃ হাসান)
সভাপতি ০৪নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর ০৪নং ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা।

বিতরণঃ
নাম-----------------------------------
-----------------------------------
সভাপতি/সদস্য/সদস্য সচিব
০৪ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।
অনুলিপিঃ-
১। একান্ত সহকারী, রাজবাড়ী পৌরসভা। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়, রাজবাড়ী।

## ০৫নং ওয়ার্ড কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কাজী মাহতাব উদ্দিন তৌহিদ, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

স্থান : পৌরসভা কার্যালয়।

তারিখ ও সময় : সকাল ১০.০০ ঘটিকা। তাং- ৩০/০৮/২০২৩ ইং,

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উক্ত সভার সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণকে বিগত সভার ন্যায় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের সকল উন্নয়নমূলক কর্মকান্ড ও ওয়ার্ড সম্পর্কিত বিভিন্ন সমস্যার ব্যাপারে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য সূচী ঃ

১। বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন।
২। ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ।
৩। পৌর কর ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে।
৪। ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে।
৫। কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে।
৬। বিবিধ।

| ক্র: নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে কমিটির সদস্য সচিব জনাব মহি উদ্দিন মোল্লা, কঞ্জারভেন্সী সুপারভাইজার, রাজবাড়ী পৌরসভা। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | সভার কার্য-বিবরণী অনুমোদিত হলো। | সদস্য সচিব |
| ২ | ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ। | আলোচ্য সূচীর উপর আলোচনায় অংশ গ্রহণ করেন কমিটির সদস্য সচিব জনাব মহিউদ্দিন মোল্লা, কঞ্জারভেন্সী সুপারভাইজার, রাজবাড়ী পৌরসভা। তিনি সকল সদস্যকে সুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন বর্তমানে ডেঙ্গু মশার উপদ্রব খুব বেড়ে গেছে তাই ডেঙ্গু মশা নিধনের জন্য জরুরী ব্যবস্থা গ্রহনের বিশেষ অনুরোধ করেন। সড়ক উন্নয়ন, বৈদ্যুতিক লাইন স্থাপন ও ড্রেন নির্মাণ সহ অন্যান্য কাজের মধ্যে সড়ক উন্নয়ন ও বৈদ্যুতিক লাইন স্থাপন শেষ। উপস্থিত ওয়ার্ড কমিটির সদস্যবৃন্দকে উক্ত কাজ গুরত্ব সহকারে পর্যবেক্ষণ করার কথা বলেন, তিনি আরো বলেন ইউজিপ-৩ এর সকল কার্যক্রম শেষ হয়েছে তাই তিনি সকল স্টাফদের ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | ইউজিআইআইপি প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের সহযোগীতার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সহযোগিতা প্রসংঙ্গে। | **আলোচনা পর্বে অংশ গ্রহণ করেন জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা।** তিনি বলেন যে, রাজবাড়ী পৌরসভায় সকল সম্মানিত সদস্যদের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তিনি পৌরকর ব্যাংকের মাধ্যমে পরিশোধ করার জন্য করদাতাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। এবং সকলকে পৌরসভার সার্বিক উন্নয়ন কাজের প্রতি সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সংশ্লিষ্ট সকলকে আরও বেশি তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |
| ৪ | ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠ ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে। | **জনাব নূরজাহান বেগম, সদস্য, ০৫নং ওয়ার্ড কমিটি,** সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি বলেন হাসপাতাল সংলগ্ন রাস্তা কার্পেটিং ও সিলকোড করতে হবে। তিনি আরো বলেন রাজবাড়ী বাছু মালিক প্রধান সড়ক হইতে হাবিব প্রফেসর এর বাড়ির সামনের রাস্তা শেষ অংশ পর্যন্ত আর সি সি রাস্তা ও ড্রেন নির্মাণ করা জন্য পুনরায় অনুরোধ করেন। সেই সাথে বাসা বাড়ির ময়লা কমিউনিটি ভ্যান গাড়ীর মাধ্যমে জন সচেতনতা বৃদ্ধি, পয়ঃবর্জ্য নিষ্কাশন সেপটি ট্যাংকি পরিষ্কার এবং ব্যাকুম ক্লিনার এর মাধ্যমে সেপটি ট্যাংকি পরিষ্কার সম্পর্কে জন সচেতনতা বৃদ্ধি করার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।<br>**জনাব ফরিদ শেখ, সদস্য,** তিনি আলোচনায় অংশ গ্রহণ করে বলেন যে, কাজীকান্দা ব্যাংকপাড়া রাস্তা হতে মুক্তিযোদ্ধা খন্দকার গোলাম কিবরিয়ার বাড়ী হয়ে শীতলের বাড়ী পর্যন্ত আর সি.সি রাস্তা নির্মাণ করার জন্য বার বার বলা সত্বেও কাজ বাস্তবায়ন না হওয়ায় খোব প্রকাশ করেন এবং পুনরায় অনুরোধ করেন। তিনি আবারও হাসপাতাল সড়ক থেকে আতিয়ার প্রফেসর এর বাড়ী পর্যন্ত আর সি.সি রাস্তা নির্মাণ করার পুনরায় দাবি করে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদের আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের সুপারিশ করা হয়। | সদস্য সচিব |
| ৫ | কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে। | **জনাব মোঃ মাজেদ আলী শেখ, সদস্য,** তিনি বলেন, বর্তমানে করোনার প্রকোপ কমেছে তাই স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে নিয়মিত মাস্ক পরিধান করা ও ভ্যাকসিন নেয়ার অনুরোধ করেন। সেই সাথে ওয়ার্ডে নাগরিক সেবার কাজগুলো আরো সুচারু রূপে করার অনুরোধ রেখে তার বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | সদস্য সচিব |
| ৬ | বিবিধ | **জনাব ফাতেমা আক্তার পলি, সদস্য** তিনি বলেন, আমাদের ওয়ার্ডের মধ্যে বখাটে ছেলেরা এলোমেলো ভাবে চলাফেরা করে, নেশা দ্রব্য বিক্রি ও সেবন করে, মাননীয় মেয়র মহোদয়কে প্রশাসনের মাধ্যমে এর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সহযোগিতা প্রসংঙ্গে। | **আলোচনা পর্বে অংশ গ্রহণ করেন জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা।** তিনি বলেন যে, রাজবাড়ী পৌরসভায় সকল সম্মানিত সদস্যদের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তিনি পৌরকর ব্যাংকের মাধ্যমে পরিশোধ করার জন্য করদাতাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। এবং সকলকে পৌরসভার সার্বিক উন্নয়ন কাজের প্রতি সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পৌরকর ও নিজস্ব অন্যান্য আদায়ে সংশ্লিষ্ট সকলকে আরও বেশি তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |
| ৪ | ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে। | **জনাব নূরজাহান বেগম, সদস্য, ০৫নং ওয়ার্ড কমিটি,** সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি বলেন হাসপাতাল সংলগ্ন রাস্তা কার্পেটিং ও সিলকোড করতে হবে। তিনি আরো বলেন রাজবাড়ী বাছু মালিক প্রধান সড়ক হইতে হাবিব প্রফেসর এর বাড়ির সামনের রাস্তা শেষ অংশ পর্যন্ত আর সি সি রাস্তা ও ড্রেন নির্মাণ করা জন্য পুনরায় অনুরোধ করেন। সেই সাথে বাসা বাড়ির ময়লা কমিউনিটি ভ্যান গাড়ীর মাধ্যমে জন সচেতনতা বৃদ্ধি, পয়ঃবর্জ্য নিষ্কাশন সেপটি ট্যাংকি পরিষ্কার এবং ব্যাকুম ক্লিনার এর মাধ্যমে সেপটি ট্যাংকি পরিষ্কার সম্পর্কে জন সচেতনতা বৃদ্ধি করার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।<br>**জনাব ফরিদ শেখ, সদস্য,** তিনি আলোচনায় অংশ গ্রহণ করে বলেন যে, কাজীকান্দা ব্যাংকপাড়া রাস্তা হতে মুক্তিযোদ্ধা খন্দকার গোলাম কিবরিয়ার বাড়ী হয়ে শীতলের বাড়ী পর্যন্ত আর সি.সি রাস্তা নির্মাণ করার জন্য বার বার বলা সত্ত্বেও কাজ বাস্তবায়ন না হওয়ায় খোব প্রকাশ করেন এবং পুনরায় অনুরোধ করেন। তিনি আবারও হাসপাতাল সড়ক থেকে আতিয়ার প্রফেসর এর বাড়ী পর্যন্ত আর সি.সি রাস্তা নির্মাণ করার পুনরায় দাবি করে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদের আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের সুপারিশ করা হয়। | সদস্য সচিব |
| ৫ | কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে। | **জনাব মোঃ মাজেদ আলী শেখ, সদস্য,** তিনি বলেন, বর্তমানে করোনার প্রকোপ কমেছে তাই স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে নিয়মিত মাক্স পরিধান করা ও ভ্যাকসিন নেয়ার অনুরোধ করেন। সেই সাথে ওয়ার্ডে নাগরিক সেবার কাজগুলো আরো সুচারু রুপে করার অনুরোধ রেখে তার বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | সদস্য সচিব |
| ৬ | বিবিধ | **জনাব ফাতেমা আক্তার পলি, সদস্য** তিনি বলেন, দীর্ঘদিন যাবৎ পানি সংকটে এলাকাবাসী ভুগছেন এবং আমাদের ওয়ার্ডের মধ্যে বখাটে ছেলেরা এলোমেলো ভাবে চলাফেরা করে, নেশা দ্রব্য বিক্রি ও সেবন করে, মাননীয় মেয়র মহোদয়কে প্রশাসনের মাধ্যমে এর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | সদস্য সচিব |

সহ- সভাপতি মমতাজ বেগম ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা তিনি তার বক্তব্যে উপস্থিত ওয়ার্ড কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন এলাকার উন্নয়ন মূলক কাজে তার ওয়ার্ডে ড্রেন, রাস্তা পরিষ্কার-পরিচ্ছন্ন, সড়কবাতি যে সকল সমস্যাগুলো রয়েছে, সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা করা হবে। আমরা পৌর কর্তৃপক্ষের মাধ্যমে জনগণকে স্বাস্থ্য সুরক্ষার ব্যাপারে আরো সচেতন করা এবং অসহায় মানুষের সহযোগীতা ও বিভিন্ন কর্মসূচী নিয়ে আমরা কাজ করে যাচ্ছি। এলাকার নাগরিক সুবিধা সহ যে কোন সমস্যা দেখা দিলে সাথে সাথে কাউন্সিলরবৃন্দকে অবগত করার অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

সভাপতি, জনাব কাজী মাহতাব উদ্দিন তৌহিদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার জন্য সদস্যদের অনুরোধ করেন। তার ওয়ার্ডে রাস্তা, ড্রেন, পরিষ্কার-পরিচ্ছন্নতার এবং সড়ক বাতি ও এডিস মশা নিধনের জন্য যথেষ্ট কাজ করে যাচ্ছি। তিনি তার বক্তব্যে বলেন বাসা বাড়ির ময়লা কমিউনিটি ভ্যান গাড়ীর মাধ্যমে গণ সচেতনতা বৃদ্ধি, পয়ঃবর্জ্য নিষ্কাশন সেপটি ট্যাংকি পরিষ্কার এবং ব্যাকুম ক্লিনার এর মাধ্যমে সেপটি ট্যাংকি পরিষ্কার সম্পর্কে গন সচেতনতা ও ভিডিও বক্তব্য প্রদান করেন। প্রকল্প ও জনস্বার্থে যেখানে সেখানে ময়লা-আবর্জনা ফেলা যাবেনা। নিজ নিজ বাড়ির আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(কাজী মাহতাব উদ্দিন তৌহিদ)
সভাপতি
০৫ নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা।

বিতরণঃ

১। জনাব/জনাবা ...........................................................................

...........................................................................রাজবাড়ী ও
সহ-সভাপতি/সদস্য/সদস্য সচিব, ৫ নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা।

অনুলিপিঃ

১। একান্ত সহকারী, মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়, রাজবাড়ী।

## ০৬নং ওয়ার্ড কমিটির সভা

সভাপতি ঃ জনাব নির্মল কৃষ্ণ চক্রবর্তী, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

স্থান ঃ পৌরসভা কার্যালয়।

সময় ও তারিখ ঃ বেলা ১২.০০ টা, তাং- ০৪/০৯/২০২৩ ইং।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে উপস্থিত হওয়ার জন্য স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড এবং বিভিন্ন বিষয়ে সুবিস্তার আলোচনা করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

আলোচ্য সূচীঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ।

৩। পৌর কর, ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে।

৪। ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে।

৫। কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে।

৬। বিবিধ।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন। | কমিটির সদস্য সচিব জনাব মোঃ সহিদুজ্জামান মিয়া, বাজার পরিদর্শক, রাজবাড়ী পৌরসভা। বিগত সভার কার্যাবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | কার্যবিবরণী অনুমোদিত হল। | সদস্য সচিব |
| ২ | ইউজিয়াপ সম্পর্কে সংক্ষিপ্তভাবে অবহিত করণ। | আলোচ্য সূচীর উপর আলোচনায় অংশ গ্রহণ করেন কমিটির সদস্য সচিব জনাব মোঃ সহিদুজ্জামান মিয়া, বাজার পরিদর্শক, রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন, UGIIP-III প্রকল্প অত্র পৌরসভার চলমান প্রকল্প। অত্র ওয়ার্ডে, ড্রেন পরিষ্কার, বৈদ্যুতিক লাইন স্থাপন ও মশক নিধনসহ অন্যান্য কাজ শুরু হয়েছে। উপস্থিত ওয়ার্ড কমিটির সদস্যবৃন্দকে উক্ত কাজ গুরুত্বসহকারে পর্যবেক্ষণ করা এবং কর্তৃপক্ষকে রিপোর্ট ও সঠিক ভাবে তদারকি করার জন্য অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | UGIIP-III প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হল। | সদস্যগণ |

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩ | পৌর কর, ও নিজস্ব অন্যান্য আদায়ের সহযোগিতা প্রসঙ্গে। | আলোচনা পর্বে অংশ গ্রহণ করেন জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন যে, আমি রাজবাড়ী পৌরসভার সকল সম্মানিত ওয়ার্ড কমিটির সদস্যদের মাধ্যমে সম্মানিত গ্রাহকদের নিয়মিত পৌর কর প্রদান, দোকান ভাড়া, ট্রেড লাইসেন্স, পানির বিল সময় মত পরিশোধ করে উক্ত প্রকল্প হতে পৌর এলাকায় ব্যাপক উন্নয়নমূলক কাজ করা হয়েছে। পৌরসভার স্বার্থে উক্ত বিল সমূহ নিয়মিত পরিশোধ করলে বড় প্রকল্পের মাধ্যমে ব্যাপক উন্নয়ন করা সম্ভব হবে। এ ব্যাপারে প্রকল্পের স্বার্থে পৌরসভার উন্নয়নের জন্য সহযোগিতা করার অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পৌর কর, ও নিজস্ব অন্যান্য আদায়ে সংশ্লিষ্ট সকলকে আরও বেশি তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হল। | সচিব |
| ৪ | ওয়ার্ডে বিভিন্ন সমস্যার উপর আলোচনা, পৌরসভার বর্জ্য সুষ্ঠ ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন প্রসঙ্গে। | জনাব মোঃ নাজিম হোসেন খান, সদস্য, ০৬নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন, সমস্ত রাস্তা, ড্রেন, রাস্তার বাতি ও পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে গুরুত্ব সহকারে বাস্তবায়নের জন্য জোর দাবি জানান।<br>জনাব এ্যাডঃ আহম্মদ আলী, সদস্য, ০৬নং ওয়ার্ড কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন, আসন্ন দূর্গা উৎসব পরিষ্কার ও সুন্দর পরিবেশ রক্ষার্থে কমিউনিটি ভ্যানের মাধ্যমে বাসা বাড়ির বর্জ্য অপসারণ করাসহ ডাস্টবিনের বর্জ্য অপসারণ নিয়মিত করতে হবে। উক্ত ওয়ার্ডের মধ্যে ঘন বসতিপূর্ণ এলাকা। মাননীয় মেয়র মহোদয়ের মাধ্যমে পর্যাপ্ত বৈদ্যুতিক খুঁটির ব্যবস্থা করতে হবে। অনেক রাস্তায় বৈদ্যুতিক খুঁটি স্থাপন করা হয় নাই, পিডিবি কর্তৃক বৈদ্যুতিক খুঁটি সরবরাহ করা হচ্ছে ঐ সকল রাস্তায় খুঁটি স্থাপনের জন্য ও সোলার লাইটের মাধ্যমে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে। তিনি বিনয়ের সাথে মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ করেন, প্রধান সড়কের উভয় পার্শ্বের ড্রেনের ব্যবস্থা করার পুনরায় জোর সুপারিশ করেন। | পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের সুপারিশ করা হয়। | সদস্য সচিব |
| ৫ | কোভিড-১৯/করোনা পরিস্থিতি প্রসঙ্গে। | জনাব রিনা বেগম সদস্য, তিনি বলেন যে, বর্তমানে কোভিড-১৯/করোনা একবারেই কমে গেছে কিন্তু ডেঙ্গু মশার উপদ্রব বেড়েছে। তাই সকলে সামাজিক ভাবে বাড়ির আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রেখে সবাইকে মশক নিধনক করার অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হল। | সদস্য সচিব |
| ৬ | বিবিধ। | আলোচনা পর্বে অংশ গ্রহণ করেন জনাব, সাবেরা পারভীন সদস্য, তিনি বলেন, বর্তমান দেশের মধ্যে মারাত্বক ভাবে ডেঙ্গু মশার উপদ্রব বেড়ে গেছে। তাই মশক নিধন কার্যক্রম জোরদার করতে হবে। দীর্ঘদিন যাবৎ পানি সংকটে এলাকাবাসী ভুগছেন এবং আমাদের ওয়ার্ডের মধ্যে বখাটে ছেলেরা এলোমেলো ভাবে চলাফেরা করে, নেশা দ্রব্য বিক্রি ও সেবন করে, মাননীয় মেয়র মহোদয়কে প্রশাসনের মাধ্যমে পুনরায় এর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হল। | সদস্য সচিব |

**সহ-সভাপতি জনাব মমতাজ বেগম** তার বক্তব্যে বলেন, আসন্ন দূর্গা উৎসব উক্ত ওয়ার্ডের মধ্যে অনেক গুলি পুজা মন্ডব রয়েছে। বর্তমানে ডেঙ্গু জরে অনেক মানুষ প্রাণ হারাচ্ছে। মশা দমনের ব্যবস্থা গ্রহন করতে হবে। তিনি আরো বলেন, মেয়র মহোদয়ের সাথে আলোচনা করে কাউন্সিলরদের নিজ নিজ দায়িত্বে উক্ত ওয়ার্ডের সকল ড্রেন পরিষ্কারের ব্যবস্থা ও পর্যাপ্ত আলো এবং আইন শৃঙ্খলা রক্ষা করবেন। তিনি আরও বলেন দেশের দ্রব্য মূল্যের উর্দ্ধগতির কারনে সকলে আর্থিক ক্ষতির সম্মুখিন হচ্ছে, স্বল্প মূল্যে পৌর কর্তৃপক্ষের মাধ্যমে খাদ্য দ্রব্য সরবরাহ করার জন্য গুরুত্ব সহকারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এই কথা বলে তার বক্তব্য শেষ করেন।

**সভাপতি জনাব নির্মল কৃষ্ণ চক্রবর্তী** উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান। আসন্ন দূর্গা উৎসব উপলক্ষ্যে অত্র ওয়ার্ডের মধ্যে অসহায় দরিদ্র শ্রেণীর লোকের বসবাস। প্রতি বছরের ন্যায় এই বছরেও খাদ্য দ্রব্য বিতরণের ব্যবস্থা করার জন্য উপস্থিত সকলকে সার্বিক সহযোগীতা করার আহবান জানান। দেশের দ্রব্য মূল্যের উর্দ্ধগতি এবং এই ওয়ার্ডের দরিদ্র জনগণ আর্থিক ক্ষতির সম্মুখিন হয়েছে, তাই স্বল্প মূল্যে পৌর কর্তৃপক্ষের মাধ্যমে খাদ্য দ্রব্য সরবরাহ করার জন্য গুরুত্ব সহকারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। রাস্তার বাতি বাস্তবায়ন করতে হবে। কমিউনিটি ভ্যান চালু করা হয়েছে, ডেঙ্গু মশার উপদ্রব বেড়েছে। মশক নিধন কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য মেয়র মহোদয়কে জোর দাবি জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(নির্মল কৃষ্ণ চক্রবর্তী)
সভাপতি ০৬নং ওয়ার্ড কমিটি
ও
কাউন্সিলর ০৬নং ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা।

বিতরণঃ
জনাব-----------------------------------
---------------------------------------
সহ সভাপতি/সদস্য/সদস্য সচিব
০৬ নং ওয়ার্ড কমিটি রাজবাড়ী পৌরসভা।

অনুলিপিঃ-

১। মেয়র মহোদয়ের একান্ত সহকারী, রাজবাড়ী পৌরসভা।
মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।